শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

মুজিব বর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
(প্রশাসন অধিশাখা-২)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থ বছরে সম্পাদিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২১) অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব শাহীন মাহবুবা
যুগ্মসচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

সভার তারিখ: ১০/১০/২০২১ সময়ঃ সকালঃ ১১-০০টা
সভার স্থান: মন্ত্রণালয়ের সভাকক্ষ

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমোদনক্রমে কমিটির সদস্য সচিব সভার বিষয়বস্তু উপস্থাপন করেন। সভায় জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২০২২ এর সাথে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ ও সংযুক্ত হয়েছে। এপিএসহ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নে সকলের সম্পৃক্ততা রয়েছে, ফলে এ সকল কার্যক্রম এবং এগুলোর সময়োচিত বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সম্যক ধারণা দেয়া প্রয়োজন। মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার উপস্থিত প্রতিনিধিবৃন্দকে এপিএ বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখার জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ বছরের এপিএসহ শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সূচকসমূহ নিয়ে পর্যায়ক্রমে আলোচনা করা হয়। কর্মসম্পাদন সূচক ভিত্তিক প্রথম কোয়ার্টারের অর্জন নিম্নোক্তভাবে উপস্থাপন করা হলো:

| ক্রমিক | বিষয় | মোট লক্ষমাত্রা | ১ম কোয়াঃ লক্ষমাত্রা | ১ম কোয়াঃ অর্জন |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন | ৪টি | ১টি | ১টি |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | ১০০% | ১০০% |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | ২টি | - | - |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ৪টি | ১টি | ১টি |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি | ৩টি | ৩০/০৯/২১ | - |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | ০৭/০৬/২১<br>১৫/১০/২১<br>১৫/০১/২২<br>১৫/০৪/২২ | ০৭/০৬/২১ | ০৭/০৬/২১ |
| ১.৭ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ২৬/০৬/২১<br>৩০/১০/২১<br>৩১/০১/২২<br>৩০/০৪/২২ | ২৬/০৬/২১ | ২৬/০৬/২১ |
| ১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ৩০/০৬/২২ | - | - |
| ২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | ৩১/০৭/২১ | ৩১/০৭/২১ | ৩১/০৭/২১ |

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

| ক্রমিক | বিষয় | মোট লক্ষমাত্রা | ১ম কোয়াঃ লক্ষমাত্রা | ১ম কোয়াঃ অর্জন |
|---|---|---|---|---|
| ২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | ৭০ | ১৬ | ১৬ |
| ২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | ১০০% | ১০% | ১.৫৭% |
| ২.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | ৩০/০৬/২২ | - | - |
| ৩.১ | ভাওয়াল জাতীয় উদ্যানকে প্লাস্টিক বর্জ্য মুক্তকরণ | ৪ | ১ | ১ |
| ৩.২ | সুন্দরবনের খুলনা রেঞ্জ নিয়ন্ত্রণাধীন বনাঞ্চলের বৃক্ষ নিধন প্রতিরোধে ড্রোন ব্যবহার | ২০ হাজার হেক্টর | ৫ হাজার | ৯ হাজার ৭০০ হেক্টর |
| ৩.৩ | পরিবেশ ছাড়পত্র পক্রিয়া নিরীক্ষাকরণ | ৮ | ২ | - |
| ৩.৪ | জেনারেটর সৃষ্ট শব্দ দূষণ রোধে অভিযান পরিচালনা | ৪ | ১ | ১ |
| ৩.৫ | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার কর্মকর্তাদের বিশেষায়িত বিষয়ে অভিজ্ঞতা বিনিময় | ৪ | ১ | ১ |

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়;

ক. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম অনুযায়ী গৃহীত লক্ষ্যমাত্রা যথাসময়ে অর্জনের জন্য মন্ত্রণালয়সহ সকল দপ্তরকে তৎপর হতে হবে;

খ. দপ্তর/সংস্থার কার্যক্রমের সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা জড়িত থাকায় প্রত্যেকটি সূচক যেন নির্ধারিত সময়ে অর্জন করা যায় এ বিষয়ে দপ্তর/ সংস্থার প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

গ. প্রতিটি সূচকের অর্জনের বিপরীতে যথাযথ প্রমাণক সংরক্ষণ এবং তা যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি দপ্তর/সংস্থার প্রধানগণ নিশ্চিত করবেন;

ঘ. কর্মসম্পাদন লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

শাহীন মাহবুবা
যুগ্মসচিব
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

স্মারক নম্বরঃ ২২.০০.০০০০.০৫২.১৬.০০১.১৯.২০৭

তারিখ: ১৩/১০/২০২১ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
(দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)
২। অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। চেয়ারম্যান, বাংলাদেশ বন শিল্প উন্নয়ন সংস্থা, মতিঝিল, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট, মহাখালী, ঢাকা।
৭। চেয়ারম্যান, বাংলাদেশ রাবার বোর্ড, ৭৩, মতিঝিল, ঢাকা।
৮। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম।
৯। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা।
১০। যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
১১। সিস্টেম এনালিষ্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩/১০/২০২১
(নাজনীন হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৪০২১৪
ই-মেইল : admin2@moef.gov.bd